(অতীব জরুরি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালক এর কার্যালয়
সংগ্রহ শাখা
বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

নং-৫৪.০১.০০০০.০১৩.০৭.০০১.২৩-২১১ তারিখঃ ০৬ .০৫.২০২৪

**বিষয়ঃ বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি-BPPA (প্রাক্তন সিপিটিইউ) কর্তৃক পরিচালিত ২০২২-২৩ অর্থবছরের বাংলাদেশ রেলওয়ের ক্রয় প্রক্রিয়া উত্তর পুনরীক্ষণ (Procurement Post Review) প্রতিবেদনের ওপর অনুষ্ঠিত কর্মশালায় প্রধান নির্বাহী কর্তৃক প্রদত্ত সুপারিশ প্রসঙ্গে।**

BPPA এর সভাকক্ষে ২ মে ২০২৪ তারিখে নিয়োজিত নিরপেক্ষ ব্যাক্তি পরামর্শক কর্তৃক বাংলাদেশ রেলওয়ের ২০২২-২৩ অর্থবছরের ক্রয় প্রক্রিয়া উত্তর পুনরীক্ষণের (Procurement Post Review) খসড়া প্রতিবেদন কর্মশালায় উপস্থাপন করা হয়। উক্ত কর্মশালায় প্রধান নির্বাহী, বাংলাদেশ পাবলিক প্রক্রিউরমেন্ট অথরিটি, পরিকল্পনা মন্ত্রণালয় বাংলাদেশ রেলওয়ের ক্রয় কার্যক্রম অধিকতর স্বচ্ছ, ত্বরান্বিত ও যুযোপযোগী করার নিমিত্ত বেশকিছু গুরুত্বপূর্ণ সুপারিশ করেন; যা নিম্নরূপঃ

- ✓ সরকার কর্তৃক জারিকৃত আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ অনুযায়ী নির্ধারিত সকল কর্মকর্তাকে (প্রকল্প পরিচালকসহ) প্রদত্ত নিজ নিজ ক্ষমতা সঠিকভাবে ব্যবহার করতে হবে।
- ✓ দরপত্র বা প্রস্তাব মূল্যায়নে নির্ধারিত সময়সীমা মেনে চলার জন্য সকলকে অনুরোধ করেন।
- ✓ দরপত্র দলিল প্রণয়নে সঠিক আদর্শ দলিল ব্যবহার এবং যথাযথভাবে পরিমার্জন (Customization) করতে হবে। তবে আইনি জটিলতা এড়ানোর নিমিত্ত সংযোজন বা সংশোধন নিরুৎসাহিত করেন।
- ✓ বিপিপিএ কর্তৃক প্রদত্ত সুবিধার (কারিগরি জটিলতা ব্যতীত) আওতায় সম্ভাব্য সকল ধরনের দরপত্র/প্রস্তাব (স্থানীয় ও আন্তর্জাতিক) e-GP এর মাধ্যমে প্রক্রিয়াকরণের অনুরোধ জানান।
- ✓ সকল ধরনের ক্রয়কাজের জন্য অবশ্যই e-GP এর মাধ্যমে বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) প্রণয়ন করতে হবে। এক্ষেত্রে দলিলাদি সংরক্ষণের সুবিধার্থে তথা বিজ্ঞাপন প্রকাশ ও সরকারি ব্যয়ের হিসাব রক্ষার জন্য APP ও IFT কার্যক্রম e-GP সিস্টেমে সম্পন্ন করার পর অন্যান্য অংশ অফঅলাইনে করার বিষযে তিনি সুপারিশ করেন।
- ✓ e-GP সিস্টেমে দরপত্রদাতাদের (Tenderer) সম্পাদিত কাজ ও অভিজ্ঞতার তথ্য যাচাই ও সংরক্ষণের মাধ্যমে Tenderer Database Update করতে সকল ক্রয়কারীকে অনুরোধ জানান।
- ✓ e-CMS (electronic Contract Management System) এর আওতায় চুক্তি পরিচালনা এবং বাস্তবায়নের জন্য সকল ক্রয়কারীকে সক্রিয় হতে অনুরোধ করেন।

বর্ণিতাবস্থায়, বিপিপিএ'র প্রধান নির্বাহী কর্তৃক প্রদত্ত গুরুত্বপূর্ণ সুপারিশসমূহ যথাযথভাবে পরিপালনের নিমিত্ত আপনার অধীনস্ত সংশ্লিষ্ট সকল ক্রয়কারীকে অবহিতকরণসহ যথাযথভাবে অনুসরণের জন্য অনুরোধ করা হলো।

০৬/৫/২৪
(সরদার সাহাদাত আলী)
মহাপরিচালক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতি. মহাপরিচালক (আই/আরএস/উন্নয়ন/এমএন্ডসিপি/অপারেশন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

সিএসটিই (টেলিকম) এর দপ্তর
অতিঃ সিএসটিই (টেলিকম)
ডিএসটিই (টেলিকম) সদর
ডিডি (টেলিকম)
ডিডি (সিগঃ), এডি (আইটি)
এসএসএই/হার্ডওয়্যার, জেনারেল
ডাইরী নং. ৬৬ তারিখঃ ... সময় ...

২। মহাব্যবস্থাপক (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম ও রাজশাহী।

৩। রেক্টর/আরটিএ, বাংলাদেশ রেলওয়ে, হালিশহর, চট্টগ্রাম।

৪। প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক, বাংলাদেশ রেলওয়ে, পাহাড়তলী, চট্টগ্রাম।

৫। প্রধান পরিকল্পনা কর্মকর্তা, পরিকল্পনা কোষ, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা (সকল প্রকল্প পরিচালককে অবহিত করা অনুরোধসহ)।

৬। প্রধান সংকেত ও টেলিযোগাযোগ প্রকৌশলী/টেলিকম, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। (বাংলাদেশ রেলওয়ের ওয়েবসাইটে স্থায়ীভাবে সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন)

**অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:**

১। সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।